

💵 যাদুকর ও জ্যোতিষীর গলায় ধারালো তরবারি

বিভাগ/অধ্যায়ঃ নবম প্রকার যাদু রচয়িতা/সঙ্কলকঃ ওয়াহীদ বিন আন্দুস সালাম বালী

এক এমন মেয়ের ঘটনা যাকে আল্লাহ তায়ালা স্বপ্নের মাধ্যমে যাদুর স্থান জানিয়ে দিয়েছেন

এই মেয়ে আমার কাছে আসলে, আমি কুরআনের আয়াত পড়ে ঝাড় ফুক করলে বুঝতে পারলাম যে, তাকে শক্তিশালী যাদু করা হয়েছে। আমি বাড়ির লোকজনকে এই চিকিৎসার ব্যাপারে বললাম এটি ব্যবহার কর ইনশাআল্লাহ যাদু তার স্থানেই নষ্ট হয়ে যাবে। (যা পূর্বে বর্ণিত হয়েছে) তারা বলল, এমন পদ্ধতি বলে দিন, যাতে যাদুর স্থান কোথায় জানতে পারি?

আমি বললামঃ বিশেষ করে রাতের শেষভাগে যখন দু'আ কবুল হয় কেঁদে কেদে আল্লাহর কাছে প্রার্থনা করতে হবে। রুগী নামাযে দাড়িয়ে যায় আর আল্লাহর নিকট কাকুতি-মিনতি করে দোয়া করে (যা তারা বর্ণনা করে), তারপর রুগী স্বপ্নে দেখল যে, কেউ তার হাত ধরে ঘরের সেই স্থানে নিয়ে গেল যেখানে যাদু লুকানো হয়েছে। সকালে সে বাড়ির সকলকে স্বপ্নের কথা বলল। আর বাড়ির লোকজন তার বলা স্থানে খোজ করতে থাকল। অল্প মাটি খননের পর তারা যাদুর পুটলি খুজে পেল যা তারা জুলিয়ে দেয়। এরপর আলহামদুলিল্লাহ যাদু নিঃশেষ হয়ে যায়। আর রোগী আরোগ্য লাভ করে।

• Source — https://www.hadithbd.com/books/link/?id=5946

🚨 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন